

জাতীয় বিশ্ববিদ্যালয় সারা দেশে ডিগ্রি পরীক্ষা শুরু

পাঞ্জীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ইংরেজি (আবশ্যিক) পরীক্ষা রোববার সারা দেশে সূচী ও সুশৃঙ্খল পরিবেশে শুরু হয়েছে। এ পরীক্ষা আগামী ৫ মে পর্যন্ত চলবে। সারা দেশে ৬৬৬টি কেন্দ্রে ১ লাখ ১৭টি ডিগ্রি কোর্সের নিয়মিত অনিয়মিত বিপুল সর্বমোট ৪ লাখ ৭৫ হাজার ৯৭২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে। এর মধ্যে রোববার ইংরেজি (আবশ্যিক) বিষয়ে ৩ লাখ ১৮ হাজার ২৮৯ জন অংশগ্রহণ করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাইম-চ্যান্সেলর (অরপ্রাক্ত) প্রফেসর ড. মোঃ আমদান উইয়া রোববার রাজধানীর ইডেন সরকারি কলেজ ও প্রো-ডাইম-চ্যান্সেলর ড. মুনাজ আহমদ নূর সরকারি বাংলা কলেজ কেন্দ্রে পরিদর্শন করেন। কেন্দ্র পরিদর্শনকালে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোবারকেরা খানম, জনসংযোগ তথা ও পরামর্শ দফতরের পরিচালক বোঃ ফজলুল করিম। সূচী ও নকশামূলক পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার এবং কেন্দ্রগুলোর সার্বিক ব্যবস্থাপনায় তারা সন্তোষ প্রকাশ করেন। সারা দেশে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, জেলা প্রশাসক, পুলিশ প্রশাসন, অধ্যক্ষ, শিক্ষকসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন।